অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/8/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

10 মিলিয়ন মার্কিন ডলারের ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের (DOWNTOWN REVITALIZATION INITIATIVE, DRI) পুরস্কারের অংশ হিসেবে গভর্নর কুওমো ওয়েগো'র জন্য রূপান্তরমূলক প্রকল্প ঘোষণা করলেন

কমিউনিটির সম্পদের ভিত্তিতে 17 টি ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ প্রকল্প

এসব বিনিয়োগ "সাউদার্ন টিয়ার উন্নয়ন" (Southern Tier Soaring) এর সম্পূরক – যা কমিউনিটিকে পুনরুজ্জীবিত এবং অর্থনীতিকে শক্তিশালী করার লক্ষ্যে এ অঞ্চলের বিস্তৃত কৌশল

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ 10 মিলিয়ন মার্কিন ডলারের ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের অংশ হিসেবে ওয়েগো'র জন্য 17 টি রূপান্তরমূলক প্রকল্প ঘোষণা করেছেন। কমিউনিটির সম্পদের উপর ভিত্তি করে ডাউনটাউন ওয়েগোতে নাগরিক ও সাংস্কৃতিক ব্যবহারের জন্য একটি ঐতিহাসিক কোর, একটি শক্তিশালী এবং ক্রমবিকাশমান শিল্পকলা ও ব্যবসা সংশ্লিষ্ট কমিউনিটি, স্থানীয় ও আঞ্চলিক পর্যটন আকর্ষণসমূহে প্রবেশ এবং ডাউনটাউনকে ঘিরে সু-প্রতিষ্ঠিত ও ঐতিহাসিক আবাসিক এলাকাসহ কৌশলগত বিনিয়োগ করা হবে। উত্তরাঞ্চলের অর্থনীতিকে পুনরায় উজ্জীবিত করার এবং সাউদার্ন টিয়ারের জন্য আরো সুযোগ-সুবিধা সৃষ্টি করার উদ্দেশ্যে গভর্নরের চলমান প্রচেষ্টার অংশ হল এই বিনিয়োগ।

"এসব প্রকল্প উন্মুক্ত স্থান বৃদ্ধি, কর্মসংস্থানের সুযোগ তৈরি এবং স্থানীয় অর্থনীতিকে আরও বৈচিত্রময় করতে কমিউনিটিকে সক্ষম করার মাধ্যমে ওয়েগো'র ডাউনটাউনকে রূপান্তরিত করবে", **গভর্নর কুওমো বলেন**। "সাউদার্ন টিয়ার শহরটির ঐতিহাসিক এলাকা এবং সাংস্কৃতিক স্থানসমূহ পুনরুজ্জীবিতকরণের জন্য উপযুক্ত, এবং ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগটি এ অঞ্চলের অর্থনৈতিক বিকাশ এবং উন্নত জীবনমানের ক্ষেত্রে সহায়ক ভূমিকা পালন করবে।"

"ওয়েগো গ্রামটি ইতিহাসে পরিপূর্ণ এবং হাঁটার উপযোগী ডাউনটাউন ও নদীর পাশে বিদ্যনাম সুবিধাদিসহ মনোমুগ্ধকর", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের অংশ হিসাবে এই 17 টি প্রকল্পে অর্থায়ন সাংস্কৃতিক ও বিনোদনমূলক সুযোগ বৃদ্ধি করবে, সাশ্রয়ী ও স্থিতিশীল আবাসন যুক্ত করবে এবং এ অঞ্চলে কর্মসংস্থানের সুযোগ বাড়াবে। এই বিনিয়োগ বর্তমান এবং ভবিষ্যতে স্থানীয় অর্থনীতি শক্তিশালী করতে নতুন কর্ম সৃজনের মাধ্যমে সাউদার্ন টিয়ারের প্রবৃদ্ধি ত্বরান্বিত করার আমাদের সামগ্রিক প্রচেষ্টার একটি অংশ।"

2018-এর আগস্টে ওয়েগোকে DRI রাউন্ড 3 বিজয়ী ঘোষণা করা হয়। ওয়েগো গ্রাম নদী পাড়ের এক মনোমুগ্ধকর কমিউনিটি যা ফিঙ্গার লেকস এবং সাউদার্ন টিয়ারের সনামধন্য প্রতিষ্ঠান, আকর্ষণ এবং নিয়োগকারীদের প্রবেশদ্বার হিসাবে কাজ করে। গ্রামের নিবিড় এবং হাঁটার উপযোগী ডাউনটাউনে বছরব্যাপী সুযোগ-সুবিধা রয়েছে যা পার্ক, সাংস্কৃতিক আকর্ষণ, একটি ঐতিহাসিক বাণিজ্যিক ডিসট্রিক্ট ও নদীর সাথে সংযোগকারী হাঁটার পথসহ উন্নত জীবনযাত্রায় অবদান রাখে। এই গ্রাম ডাউনটাউনের ভবন ও অবকাঠামো, বর্ধমান কর্মসংস্থানের সুযোগ এবং শক্তিশালী পর্যটন ভিত্তিক অর্থনীতিতে সাম্প্রতিক সরকারি ও বেসরকারি বিনিয়োগের জন্য DRI তহবিলকে সহায়তা করবে। DRI প্রচেষ্টা নতুন ব্যবসা আকর্ষণ এবং বিদ্যামান ব্যবসা ও দক্ষ শ্রমকে শক্তিশালীকরণ, সাংস্কৃতিক ও বিনোদনমূলক সুযোগ-সুবিধা বৃদ্ধি করে এবং সমস্ত বয়স ও আয় স্তরের বাসিন্দাদের জন্য সাশ্রয়ী মূল্যের ও স্থিতিশীল আবাসনের চাহিদা মিটিয়ে স্থানীয় অর্থনীতিকে জোরদার করবে।

যেসব নির্দিষ্ট প্রকল্পে DRI এর মাধ্যমে অর্থায়ন করা হবে, তার মধ্যে রয়েছে:

জলাধার সন্নিহিত এলাকার প্রবেশযোগ্যতা এবং বিনোদনমূলক সুযোগ বৃদ্ধি: সাসকুহানা নদী এবং ওয়েগো ক্রিকের পানি সংলগ্ন মূল স্থানগুলোতে প্রবেশ সুবিধা প্রদান করবে এবং রিভারওয়াক ও জলাধার সংলগ্ন পার্কগুলোর মধ্যে সংযোগ তৈরি করবে, যা এসব সম্পদের ব্যবহার বৃদ্ধি, ফ্রন্ট স্ট্রিট বরাবর বিদ্যমান ও ভবিষ্যৎ ব্যবসায়ের কর্মকাণ্ড আকর্ষণ এবং হাঁটার পথ উপেক্ষাকারী উপরতলার বাসিন্দাদের জন্য আকর্ষণীয় সুযোগ সৃষ্টি করবে। নান্দনিক উন্নয়ন, উপকূলীয় স্থিতিশীলতা এবং রিভারওয়াক বরাবর আলোকসজ্জা ও সংকেত স্থাপন; নৌকা চালানোর সুবিধা সম্প্রসারণ ও উন্নয়ন; এবং ওয়েগো ক্রিকের হাঁটার ট্রেইল বরাবর বিনোদন সুবিধা স্থাপন প্রকল্পে অন্তর্ভুক্ত থাকবে।

মার্ভিন পার্কে বিনোদন এবং নিষ্কাশন অবকাঠামো সম্প্রসারণ: ওয়েগো'র বৃহত্তম উন্মুক্ত স্থানে বিনোদন সুবিধা স্থাপন ও নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন করে গ্রাম কর্তৃক সহজে পার্ক রক্ষণাবেক্ষণে এবং বাসিন্দা ও দর্শনার্থীদেরকে অধিক ব্যবহারে সক্ষম করে তোলা। সম্ভাব্য উন্নয়নের উদাহরণের মধ্যে রয়েছে ভূমির সৌন্দর্য বর্ধন, প্রতিবন্ধিদের জন্য প্রবেশযোগ্য খেলার মাঠের সরঞ্জাম, বিদ্যমান টেনিস ও বাস্কেটবল কোর্ট পুনর্নির্মাণ, বিদ্যমান স্কেট পার্ক প্রতিস্থাপন, হাঁটার পথের উন্নয়ন, বাথরুমের উন্নয়ন, অতিরিক্ত সুরক্ষা ব্যবস্থা এবং অতিরিক্ত নিষ্কাশন অবকাঠামো ও বন্যা প্রশমন কৌশল।

বিপণন, জনসমাগম সুবিধা এবং টিওগা শিল্পকলা পরিষদ কেন্দ্রের (Tioga Arts Council Facility) উন্নয়নের মাধ্যমে সৃজনশীল কমিউনিটিকে সহায়তা প্রদান: স্থানীয় শিল্পী ও শিল্পকলা সম্পর্কিত ব্যবসা আকর্ষণ ও সেগুলোকে সহায়তা করার জন্য ওয়েগো'র সৃজনশীল কমিউনিটিকে উৎসাহিত করতে একটি দ্বৈত বিপণন এবং ব্র্যান্ডিং কৌশল তৈরি। টিওগা আর্টস কাউন্সিল (Tioga Arts Council, TAC), ঐতিহাসিক ওয়েগো মার্কেটপ্লেস, টিওগা কাউন্টি চেম্বার অব কমার্স (Tioga County Chamber of Commerce), টিওগা কাউন্টি IDA এবং টিওগা কাউন্টি ট্যুরিজম অফিস (Tioga County Tourism Office), থিম, ব্র্যান্ডিং লোগো এবং ব্যাপক সংকেত পরিকল্পনা তৈরির

জন্য একটি পেশাদার বিপণন সংস্থা নিয়োগ দান সমন্বয়ে স্থানীয় শিল্পকলা ও ব্যবসায়ী কমিউনিটির সদস্যদের জন্য সম্মিলিত ব্র্যান্ডিং তৈরি প্রকল্পটির অন্তর্ভূক্ত হবে, যা একটি ডিজিটাল ও সামাজিক বিপণন, ব্রোশিওর ও ম্যাগনেট এবং ধারণা তৈরি ও উন্মুক্ত স্থান উন্নয়নের ভিত্তি হিসাবে কাজ করবে। এই বিপণন ও ব্র্যান্ডিং অভিযান শিল্প প্রদর্শনী এবং চারুকলা সম্পর্কিত পরিকল্পনা প্রণয়ণের আরও বেশি সুযোগ তৈরি করতে TAC কেন্দ্রের অভ্যন্তরীণ উন্নয়নের পরিপূরক হবে। অবকাঠামো উন্নয়নের মধ্যে রয়েছে গ্যালারির স্থান সম্প্রসারণ, কর্মশালার স্থান উন্নয়ন, কারিগরি ল্যাবের (Tech Lab) স্থানের মান উন্নয়ন এবং পরিবেশ-বান্ধব কৌশল বাস্তবায়ন।

কোবার্ন ফ্রি লাইব্রেরিতে প্রবেশযোগ্যতার উন্নয়ন: ঐতিহাসিক কোবার্ন ফ্রি লাইব্রেরি'র সমস্ত তলায় প্রবেশ সুবিধাসহ একটি লিফট সিস্টেম তৈরি করে সমস্ত শিক্ষাগত চাহিদা পূরণে এর ক্ষমতা বৃদ্ধি। এই নির্মাণ কাজে লিফট শ্যাফট ও সিস্টেম, প্রয়োজনীয় বৈদ্যুতিক সংযোগ, ভবনের প্রয়োজনীয় পরিবর্তন, প্রসারিত পাঠকক্ষের স্থান এবং প্রতিবন্ধীদের বাথরুমসহ 1,200 বর্গফুট সম্প্রসারণ অন্তর্ভুক্ত রয়েছে।

তি-আহওয়াগা পারফর্মিং আর্টস সেন্টারের (Ti-Ahwaga Performing Arts Center) সুবিধা এবং সক্ষমতা বৃদ্ধি: প্রযোজনা ও প্রোগ্রামিংয়ের সক্ষমতা বৃদ্ধি এবং ওয়েগো'র বাসিন্দাদের জন্য নতুন শিক্ষার সুযোগ তৈরি করতে তি-আহওয়াগা পারফর্মিং আর্টস সেন্টার সম্প্রসারণ। সম্প্রসারণ কাজে বিদ্যমান কাঠামোর দক্ষিণ-পশ্চিম অংশে ভূমি স্তরে 2,200 বর্গফুট যুক্ত এবং একই আকারের একটি নতুন পূর্ণ বেসমেন্ট সংযোজন, ভবনে সহজে প্রবেশযোগ্য এবং সৃজন সামগ্রী সংরক্ষণের জন্য স্থান সরবরাহ করে অতিরিক্ত প্রোগ্রামিং, ভাড়া, অনুষ্ঠান, সভা, পার্টি, চলচ্চিত্র এবং কনসার্টের জন্য বিদ্যমান সংরক্ষণের স্থান ও মঞ্চকে সুবিধা প্রদানের ব্যবস্থা থাকবে।

টিওগা কাউন্টি হিস্টোরিক্যাল সোসাইটি যাদুঘর সম্প্রসারণ: প্রদর্শনী, সংরক্ষণ, একটি বক্তৃতা হল এবং অফিসের স্থানের জন্য অতিরিক্ত স্থান তৈরি করার উদ্দেশ্যে টিওগা কাউন্টি হিস্টোরিক্যাল সোসাইটি যাদুঘরের 1959 সালের অবকাঠামো সম্প্রসারণ করে যাদুঘরটির প্রদর্শনী এবং প্রোগ্রামিং ক্ষমতা বাড়িয়ে তোলা, কমিউনিটি ও বাইরে থেকে দর্শনার্থী আকর্ষণ এবং সাউদার্ন টিয়ারে শিল্পকলা, সংস্কৃতি এবং ইতিহাসের গন্তব্য হিসাবে ওয়েগো'র পরিচয় জোরদার করা।

একটি শূন্য স্থানকে নর্থ অ্যাভিনিউ আর্ট পার্কে রূপান্তরকরণ: ওয়েগো ক্রিয়েটিভ কমিউনিটি'র আশ্রয়স্থল হিসাবে এবং সব বয়সের বাসিন্দাদের জন্য বিনোদনমূলক সম্পদ হিসাবে নর্থ অ্যাভিনিউ-এর একটি অত্যন্ত দৃশ্যমান শূন্য স্থানকে অনন্য সৃজনশীল স্থানে রূপান্তর। নর্থ অ্যাভিনিউ আর্ট পার্কে সেন্ট্রাল অ্যাভিনিউ থেকে প্রবেশযোগ্য একটি নতুন উন্মুক্ত স্থানে (public lot) একটি মিথষ্ক্রিয় ভাস্কর্য বাগান (interactive sculpture garden), একটি অ্যাম্ফিথিয়েটার ও অন-সাইট পার্কিং অন্তর্ভুক্ত থাকবে।

ডাউনটাউনের পার্কিং সুবিধা সম্প্রসারণ: ডাউনটাউনে পার্কিং স্থানের উন্নয়ন, বিদ্যমান স্থানের দৃশ্যমানতা বৃদ্ধি এবং বিদ্যমান স্বল্প ব্যবহৃত পার্কিং বিকল্পে সুবিধা প্রদান করতে কর্মচারীদের পার্কিং পুনর্বিন্যাস এবং DRI ব্যবসা ও অবকাঠামোতে প্রবেশ সুবিধা প্রদান। এই প্রকল্পে দর্শনার্থীদের জন্য

অতিরিক্ত স্থান সমৃদ্ধ পার্কিং স্থান নির্দেশকারী শ্রেয়তর সংকেত এবং গ্রামের সরবরাহ পুনর্গঠন করে একটি বিস্তৃত পার্কিং কৌশল অন্তর্ভুক্ত করা হবে।

পুনরুজ্জীবিতকরণের মূল ভিত্তি হিসাবে মূল বাহ্যিক কাঠামোগুলোর (Facades) উন্নয়ন: সম্মিলিতভাবে গ্রামটিকে রূপান্তরিত করতে এর বাহ্যিক উন্নয়ন, নতুন ব্যবসা ও বাসিন্দা আকর্ষণ এবং DRI অঞ্চলে দর্শনার্থীদের অবস্থান দীর্ঘায়িত করা, অনুসন্ধান করা এবং বহুসংখ্যক আকর্ষণের জন্য ডাউনটাউনের লক্ষণীয় বাহ্যিক কাঠামো উন্নয়ন। উন্নয়নের জন্য সনাক্ত/চিহ্নিত ভূসম্পদের মধ্যে রয়েছে জেজে নিউবেরি বিল্ডিং (JJ Newberry Building), 32-34 লেক স্ট্রিট, 194 ফ্রন্ট স্ট্রিট, 53-55 নর্থ অ্যাভিনিউ, 57-59 নর্থ অ্যাভিনিউ, 62-64 নর্থ অ্যাভিনিউ, 100-106 নর্থ অ্যাভিনিউ, 132-134 নর্থ অ্যাভিনিউ, এবং 50 লেক স্ট্রিট।

মিশ্র ব্যবহারে সহায়তা করতে লেক স্ট্রিট অবকাঠামোর উন্নয়ন: লেক স্ট্রিটের পশ্চিম পাশের মিশ্র-ব্যবহারের ভবনগুলোর জন্য যৌথ মালিকানাধীন স্যানিটারি নর্দমার লাইন মেরামত ও উন্নীতকরণ, এই লাইনের সাথে সর্বজনীন ব্যবস্থার লাইনের একীভূতকরণ এবং কমিউনিটির স্বাস্থ্য ও ক্ষতিগ্রস্ত খুচরা পণ্যের দোকান ও আবাসিক ভূ-সম্পত্তির পূর্ণ ব্যবহার নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণে সক্ষম করা। DRI তহবিল এছাড়াও স্যানিটারি নর্দমা ব্যবস্থার ব্যাপক ম্যাপিংয়ে সহায়তা করবে।

দক্ষিণ পাশের ড্রাইভ বরাবর আলোকসজ্জা বৃদ্ধি: ডাউনটাউনের মূল অংশের সাথে এ অঞ্চলকে আরও ভালভাবে সংযুক্ত এবং সব বয়সের ও দক্ষতার ব্যক্তিদের জন্য সুরক্ষা বৃদ্ধির করে ডাউনটাউনের দোকান ও রেস্তোঁরাগুলোকে সুবিধা প্রদানকারী প্রভাবের মাধ্যমে দর্শনার্থীর কর্মকাণ্ড আরও বৃদ্ধি করতে গ্রামের দক্ষিণ পাশ বরাবর স্ট্রিটলাইটগুলো মেরামত এবং বৈদ্যুতিক সংযোগের উন্নয়ন সাধন।

ওয়েগো সেন্ট্রাল ফায়ার স্টেশন পুনরুদ্ধার: ওয়েগো পরিচয়ের অবিচ্ছেদ্য অংশ ঐতিহাসিক সম্পদ সুরক্ষা করতে এবং বাসিন্দা, দর্শনার্থী এবং ব্যবসায়ের জন্য আবেদন সৃষ্টিকারী ডাউনটাউনের সৌন্দর্য ও বৈশিষ্ট্য বজায় রাখার জন্য ঐতিহাসিক ওয়েগো সেন্ট্রাল ফায়ার স্টেশনকে নর্থ অ্যাভিনিউ এর অ্যাঙ্কর হিসাবে পুনরুদ্ধার। প্রস্তাবিত ভৌত উন্নয়নের মধ্যে রয়েছে বাহ্যিক সম্প্রসারণ, বেল টাওয়ারকে স্থিতিশীলকরণ, স্থাপত্য কর্ম, মেরামত, সংযোগ মেরামত (repointing), নতুন করে রঙ করা, ছাদ প্রতিস্থাপন, চিমনির কাজ, অভ্যন্তরীণ মেরামত, প্রবেশযোগ্যতা সম্প্রসারণ, বেসমেন্ট মেরামত এবং বন্যা প্রতিরোধী করা, সংকেত উন্নয়ন এবং পাকা রাস্তা পুনর্নির্মাণ অন্তর্ভুক্ত।

নর্থ অ্যাভিনিউয়ের গেটওয়ে হিসাবে একটি মিশ্র-ব্যবহারের চোলাইখানা তৈরি: গ্রামের কেন্দ্রগামী মূল পথের এই অবহেলিত প্রান্তের উন্নয়ন নবায়নে উদ্দীপনা সৃষ্টি করে ওয়েগো'র প্রবেশদ্বার হিসাবে কাজ করতে নর্থ অ্যাভিনিউয়ের একটি বিদ্যমান ভবনকে মিশ্র-ব্যবহারের স্থাপনায় রূপান্তর। প্রকল্পের মধ্যে একটি ক্ষুদ্র চোলাইখানা ও ট্যাপ রুম, খাদ্য পরিষেবা, অলাভজনক/শিল্পী তৈরির স্থান (artist incubator space), তিনটি আবাসিক ইউনিট এবং ফিঙ্গার লেকস বিয়ার ও

ওয়াইন ট্রেইলের মুখে বিদ্যমান সুবিধা কাজে লাগিয়ে জনসাধারণের জন্য উন্মুক্ত স্থান অন্তর্ভুক্ত করা হবে।

বৈচিত্রময় ব্যবসায়ী কমিউনিটির বিকাশে সহায়তা প্রদান: নতুন নির্মাণ, মূল স্থানগুলোতে বিদ্যমান ভবনগুলো উন্নীতকরণ এবং বিদ্যমান ক্ষুদ্র ব্যবসায়ের সম্প্রসাণের মাধ্যমে DRI অঞ্চলে অফিস, আবাসিক, বাণিজ্যিক এবং স্টুডিও ব্যবহারের জন্য উপযুক্ত কাঠামো সরবরাহ। এই বহু-সাইট প্রচেষ্টা DRI পরিকল্পনা প্রক্রিয়া চলাকালে প্রাপ্ত আবেদনের প্রতিক্রিয়া জানায় এবং এতে 127 ম্যাকমাস্টার স্ট্রিট, আইসক্রিম ওয়ার্কস, হোম সেন্ট্রাল, 171 ফ্রন্ট স্ট্রিট/2 কোর্ট স্ট্রিট, সেলার রেস্তোরাঁ ভবন, 20 চার্চ স্ট্রিট, 37-41 লেক স্ট্রিট, এবং পার্কভিউ রেস্তোঁরা ও হোটেল প্রকল্প অন্তর্ভুক্ত।

একটি উল্লেখযোগ্য মিশ্র-ব্যবহারের ভবন পুনরুদ্ধারের কাজ সম্পন্ন করা: 167-169 মেইন স্ট্রিটে পূর্বের ক্ষতিগ্রস্ত ও ঝুঁকিপূর্ণ ভবনকে মিশ্র-ব্যবহারের অবকাঠামোতে রূপান্তরের কাজ সম্পন্ন করার অর্থের ঘাটতি বন্ধ করে গ্রামের অন্যতম বিশিষ্ট মোড়ে বাজার মূল্যের আবাসন সুবিধায় বাসিন্দা ও শ্রমিকদের মতো বৈচিত্রময় জনগোষ্ঠী আকর্ষণ। প্রকল্পটিতে আটটি নতুন অ্যাপার্টমেন্ট, দু'টি নতুন বাণিজ্যিক স্থান এবং একটি বর্ধিত বহির্ভাগ অন্তর্ভুক্ত রয়েছে।

একটি আধুনিক শিল্প কর্মসংস্থান কেন্দ্র তৈরি: অ্যাপ্লায়েড টেকনোলজি ম্যানুফ্যাকচারিং কর্পোরেশন (Applied Technology Manufacturing Corporation, ATMC) সম্প্রসারণের সুবিধার্থে একটি জরাজীর্ণ নির্মাণ স্থানকে আধুনিক শিল্প ভবন ও সম্পদে রূপান্তর করে 6-10 নতুন কর্ম সৃজন। প্রকল্পটিতে রয়েছে 14,000-বর্গফুটের ভবনের উত্তর প্রান্ত পুনর্বাসন এবং দক্ষিণ প্রান্ত ভেঙ্গে পুনর্নির্মাণ কাজ।

এলাকার জন্য একটি অলাভজনক কেন্দ্র ও জরুরি আশ্রয় স্থল তৈরি: কমিউনিটি সেবা ও কর্মী সহায়তার জন্য তহবিল অবমুক্ত করে দাতব্য সংস্থার জন্য সম্মেলন কক্ষ, একটি বৃহৎ প্রশিক্ষণ কক্ষ, এবং যৌথভাবে ব্যবহারযোগ্য প্রিন্টার, টেলিফোন, অফিস স্থান এবং পরিষেবাসহ সাশ্রয়ী ভাড়ার স্থান সরবরাহ করার জন্য নর্থ ডিপো স্ট্রিটে 1.6-একর অংশে একটি অলাভজনক কেন্দ্র তৈরি। এই কেন্দ্র 150 এর অধিক বাস্তুচ্যুত ব্যক্তির জন্য অস্থায়ী আবাস এবং তাদের ব্যবহারের জন্য ঝরনা ও রান্নাঘরসহ কমিউনিটির একটি জরুরি আশ্রয় কেন্দ্র হিসাবে কাজ করবে। পৃষ্ঠপোষক পরবর্তী কোনো সময় এই স্থানে আবাসিক ব্যবহার যুক্ত করার সম্ভাবনাও সক্রিয়ভাবে বিবেচনা করছে।

ওয়েগো 10 মিলিয়ন মার্কিন ডলারের DRI অনুদান থেকে 300,000 মার্কিন ডলারের সাহায্যে ডাউনটাউন পুনর্জীবিত করার জন্য একটি কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা তৈরি করেছে। পৌর প্রতিনিধি, কমিউনিটি নেতৃত্ব এবং অন্যান্য স্টেকহোল্ডারর দ্বারা গঠিত একটি স্থানীয় পরিকল্পনা কমিটি, বেসরকারি খাতের বিশেষজ্ঞ ও অঙ্গরাজ্যের পরিকল্পনাবিদদের একটি দলের সহায়তাসহ এই প্রচেষ্টার নেতৃত্ব দেয়। ডাউনটাউন ওয়েগো'র জন্য কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা স্থানীয় সম্পদ ও সুযোগ-সুবিধা পরীক্ষা করে এবং অর্থনৈতিক উন্নয়ন, পরিবহন, আবাসন, এবং কমিউনিটির

প্রকল্পগুলোকে সনাক্ত করে যা ডাউনটাউনকে পুনরিজ্জিবিত করার জন্য সমাজের চিন্তাভাবনার সাথে সামঞ্জস্যপূর্ণ এবং বাস্তবায়নের জন্য প্রস্তুত।

DRI প্রকল্পগুলো গভর্নর কুওমোর ওয়েগো এবং সাউদার্ন টিয়ারের প্রতি অবিরত অঙ্গিকারবদ্ধতার সাম্প্রতিকতম উদাহরণ।

নিউইয়র্কের সেক্রেটারি অব স্টেট রোসানা রোসাডো বলেন, "নদী তীরবর্তী ওয়েগো পুনরুজ্জীবিতকরণের জন্য তৈরি। গভর্নর কুওমো'র ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ অঙ্গরাজ্য জুড়ে কমিউনিটিসমূহের জন্য সত্যিকার অঙ্গীকার যা উন্নয়নে সহায়তা প্রদান করে। এসব প্রকল্পের মাধ্যমে ডাউনটাউন ওয়েগোতে বুদ্ধিদীপ্ত বিনিয়োগ আসবে এবং পুরো অঞ্চল ও এর বাইরে থেকেও দর্শনার্থীদের আগমন ঘটবে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development)-এর প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হাওয়ার্ড যেমস্কি বলেন, "ডাউনটাউন ওয়েগো'র প্রকল্পগুলোতে বিনিয়োগ দীর্ঘ মেয়াদে স্থানীয় অর্থনীতি বিকাশের জন্য আমাদের চলমান প্রচেষ্টাকে সহায়তা করবে এবং এই সাউদার্ন টিয়ার কমিউনিটির বাসিন্দাদের জন্য নতুন কাজের সুযোগ সৃষ্টি করবে।"

নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal) কমিশনার রুথঅ্যান ভিসনাউসকাস বলেন, "ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের মাধ্যমে 10 মিলিয়ন মার্কিন ডলার টিওগা কাউন্টির এই কমিনিটি ও আশেপাশের এলাকা ও ব্যবসা আরও সমৃদ্ধ করার ক্ষেত্রে গভর্নর কুওমো'র প্রতিশ্রুতি প্রদর্শন করে। গত আট বছরে অঙ্গরাজ্য এই অঞ্চলে সাশ্রয়ী মূল্যের আবাসনের জন্য প্রায় 170 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে এবং এই তহবিল প্রাপ্ত প্রকল্পগুলো সাউদার্ন টিয়ারের উন্নয়ন অব্যাহত রাখবে।"

সিনেটর ফ্রেড আকশার বলেন, "ওয়েগো শহরে এই বিনিয়োগ আমাদের অর্থনীতি, চাকরি এবং বাসিন্দাদের জীবনমান উন্নয়নে আমাদের প্রচেষ্টা জোরদার করবে। এই পুনরুজ্জীবিতকরণ বিনিয়োগ নিউইয়র্কের উত্তরাঞ্চলের প্রতি গভর্নর কুওমো'র আত্ম-নিবেদনের প্রমাণ এবং আমরা পরিবর্তন দেখার অপেক্ষায় রয়েছি।"

পরিষদ সদস্য ক্রিস্টোফার এস. ফ্রেন্ড বলেন, "নিউইয়র্কের উত্তরাঞ্চলে এই অভূতপূর্ব বিনিয়োগ অর্থনীতির বিকাশ এবং আবাসিক ও ব্যবসার মালিকদের জীবনযাত্রার মান বৃদ্ধির প্রচেষ্টার জন্য অতীব গুরুত্বপূর্ণ। ওয়েগো এবং সাউদার্ন টিয়ারের জন্য এটি এক উদ্দীপক সময় এবং আমি উত্তরাঞ্চলের প্রতি গভর্নর কুওমো'র অঙ্গীকারের জন্য তাকে ধন্যবাদ জানাই।"

সাউদার্ন টিয়ার আঞ্চলিক অর্থনৈক পরিষদের (Southern Tier Regional Economic Development Council) সহ-সভাপতি, বিঙ্গহ্যাম্টন বিশ্ববিদ্যালয়ের (Binghamton University) সভাপতি হার্ভে স্টেঙ্গার, এবং স্কাউলার কাউন্টি অর্থনৈতিক উন্নয়নের অংশীদারিত্ব (Schuyler County Partnership for Economic Development, SCOPED) এর নির্বাহী পরিচালক জুডি

ম্যাককিন চেরি বলেন, "এসব নির্বাচিত প্রকল্প ডাউনটাউন ওয়েগোকে আরও প্রবেশযোগ্য এবং ব্যবসা-বান্ধব হয়ে উঠতে সহায়তা করবে। সম্পন্ন হলে এসব রূপান্তরকারী প্রকল্প এই সুন্দর গ্রামে নতুন প্রাণ সঞ্চার করে নিশ্চিত করবে যে, এটি সাউদার্ন টিয়ারের উন্নয়ন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের (Southern Tier Soaring Upstate Revitalization Initiative) এক গুরুত্বপূর্ণ অংশীদার।"

টিওগা কাউন্টি আইন পরিষদের সভাপতি মার্থা সয়েরব্রে বলেন, "আমাদের চোখের সামনে টিওগা কাউন্টি সমৃদ্ধ এবং রূপান্তরিত হচ্ছে এবং ওয়েগোতে সাধিত পরিবর্তনের জন্য আমি কৃতজ্ঞ। এই পুনরুজ্জীবিতকরণ বিনিয়োগ অভূতপূর্ব স্তরে আমাদের প্রবৃদ্ধি ও সম্প্রসারণ অব্যাহত রাখবে। আমি সাউদার্ন টিয়ারের প্রতি গভর্নর কুওমো'র নেতৃত্ব ও অঙ্গীকারের কারণে তাকে ধন্যবাদ জানাই।"

ওয়েগো'র মেয়র মাইক বারাত্তা বলেন, "গভর্নর কুওমো নিউইয়র্কের উত্তরাঞ্চলের পক্ষে অবিশ্বাস্য প্রবক্তা এবং এই পুনরুজ্জীবিতকরণ বিনিয়োগই তার প্রমাণ। ওয়েগো হল ঘনিষ্ঠ বন্ধনে আবদ্ধ কমিউনিটির একটি গ্রাম। আমাদের অর্থনীতির সম্প্রসারণ এবং আমাদের বাসিন্দাদের জীবনমান উন্নয়নের মাধ্যমেই ওয়েগো আরও শক্তিশালী হবে।"

ডাউনটাউন পুনরুজ্জিবতকরণ উদ্যোগ সম্পর্কে আরও তথ্যের জন্য দেখুন: www.ny.gov/programs/downtown-revitalization-initiative।

সাউদার্ন টিয়ার এর অগ্রগতি ত্বরান্বিতকরণ

আজকের ঘোষণা "সাউদার্ন টিয়ার সোরিং" এর সম্পূরক যা এই এলাকায় সর্বাঙ্গীণ অর্থনৈতিক এবং সামাজিক উন্নতি করার একটি সম্পূর্ণ ব্লুপ্রিন্ট। প্রতিভাধর শ্রমশক্তি আকর্ষণ, ব্যবসার বিকাশ এবং উদ্ভাবন জোরদার করে পরিকল্পনার ভিত্তি স্থাপন করতে 2012 সাল থেকে ইতিমধ্যে অঙ্গরাজ্য এ অঞ্চলে 6.2 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ করেছে। বর্তমানে, মহামন্দার পর থেকে বেকারত্বের হার কমে সর্বনিম্ন পর্যায়ে রয়েছে; ব্যক্তিগত এবং কর্পোরেট আয়কর কমেছে এবং প্রতিষ্ঠানগুলো বিকাশ ও বিনিয়োগের জন্য বিংহ্যামটন, জনসন সিটি এবং কর্নিং এর মতো জায়গা নির্বাচন করছে। বর্তমানে, এ অঞ্চল 2015 সালের ডিসেম্বরে গভর্নর কুওমো ঘোষিত উত্তরাঞ্চলের পুনরুজ্জীবিতিকরণ উদ্যোগের মাধ্যমে 500 মিলিয়ন মার্কিন ডলারের অঙ্গরাজ্যের বিনিয়োগের মাধ্যমে সাউদার্ন টিয়ারের অগ্রগতি ত্বরান্বিত করছে। অঙ্গরাজ্যের এই 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ বেসরকারি খাতের ব্যবসায়ীদের 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করার জন্য উদ্দীপনা দেবে - এবং অঞ্চলের দাখিলকৃত পরিকল্পনা অনুযায়ী আশা করা হচ্ছে যে 10,200 এর বেশি নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে। আরও তথ্য পাওয়া যাবে এখানে।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন